ভোরের কাগজ

২৮/৭/২০০০
তারিখ ...
পৃষ্ঠা — ৪ ... ১০

# ফাযিলকে ডিগ্রির সম্মান দেওয়া যাবে না

আমাদের দেশে বর্তমানে দুই ধরনের শিক্ষাব্যবস্থা বহুল প্রচলিত। যেমন স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা। স্কুল-কলেজের এসএসসি ও এইচএসসি এবং মাদ্রাসার দাখিল ও আলিমকে সম্মান দেওয়া হয়েছে। এরপর রয়েছে মাদ্রাসার ফাযিল ও কলেজের ডিগ্রি পাস। কিছুদিন যাবৎ মাদ্রাসা শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট এক শ্রেণীর মানুষ ফাযীলকে ডিগ্রির সম্মান দেওয়ার জন্য আবেদন করে আসছে। আমরা ক্দিন যাবৎ দেখছি মাদ্রাসা বোর্ডের পরীক্ষাগুলোতে সর্বাধিক নকল চলে ফলে মাদ্রাসা বোর্ডের পরীক্ষাগুলোতে পাসের হারও বেশি থাকে। আমরা মামাদের লক্ষ্মীপুর জেলায়ও দেখছি খানে মাদ্রাসার বিভিন্ন পরীক্ষার্থী কানো প্রকার পড়ালেখা না করে লকবাজ মাদ্রাসা শিক্ষকদের সহায়তায় নায়াসে মাদ্রাসার বিভিন্ন পরীক্ষায় পাস রে। তাছাড়া আমাদের এখানে দ্রাসার পরীক্ষায় নকল, দুর্নীতি এখন পেন সিক্রেট। আমার মনে হয় সারা ংলাদেশের মাদ্রাসায় পরীক্ষা ওই একই বস্থায় সম্পন্ন হয়। তাই ওদের পাসের র বেশি থাকে।

এমতাবস্থায় দাখিল ও আলিমকে, নএসসি ও এইচএসসির সম্মান ওয়ায় শিক্ষার যে অবমূল্যায়ন হয়েছে- যিলকে ডিগ্রির সম্মান দেওয়া হলে ক্ষার আরও চরম অবমূল্যায়ন হবে। ই কোনো সংস্কারমূলক ব্যবস্থা গ্রহণ করে ফাযিলকে ডিগ্রির সম্মান দেওয়া না।

সোলায়মান চৌধুরী
াব্দুল্লাপুর ভবানীগঞ্জ, লক্ষ্মীপুর (সদর)